# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১১৩

২৮/ চিরুনি করা (كتاب الترجل)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا يَزِيدُ الْمَازِنِيُّ، أَخْبَرَنَا الْجُرَيْرِيُّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ، أَنَّ رَجُلاً، مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم رَحَلَ إِلَى فَضَالَةَ بْنِ عُبَيْدٍ وَهُوَ بِمِصْرَ فَقَدِمَ عَلَيْهِ فَقَالَ أَمَا إِنِّي لَمْ آتِكَ زَائِرًا وَلَكِنِّي سَمِعْتُ أَنَا وَأَنْتَ حَدِيثًا مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم رَجَوْتُ أَنْ يَكُونَ عِنْدَكَ مِنْهُ عِلْمٌ . قَالَ وَمَا هُوَ قَالَ كَذَا وَكَذَا قَالَ فَمَا لِي أَرَاكَ شَعِثًا وَأَنْتَ أَمِيرُ الأَرْضِ قَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَنْهَانَا عَنْ كَثِيرٍ مِنَ الإِرْفَاهِ . قَالَ فَمَا لِي لاَ أَرَى عَلَيْكَ حِذَاءً قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَأْمُرُنَا أَنْ نَحْتَفِيَ أَحْيَانًا .

বাংলা

৪১১৩. হাসান ইবন আলী (রহঃ) .... আবদুল্লাহ ইবন বুরায়দা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একজন সাহাবী ফুযালা ইবন উবায়দ (রাঃ) এর নিকট যান। আর এ সময় তিনি মিসরে ছিলেন। তিনি তাঁর কাছে গিয়ে বলেনঃ আমি আপনার সাথে সাক্ষাৎ করার উদ্দেশ্যে আসিনি, বরং আমি এবং আপনি একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে যে হাদিছ শুনেছিলাম, আমি মনে করি, আপনি তা আমার চাইতে অধিক স্মরণে রেখেছেন। তিনি বলেনঃ সেটি কোন হাদিছ? তিনি বলেনঃ অমুক, অমুক হাদিছ।

এরপর ঐ সাহাবী ফুযালা (রাঃ)-কে জিজ্ঞাসা করেনঃ আপনি তো এখানকার শাসনকর্তা, অথচ আমি আপনাকে আলু-থালু বেশে দেখছি কেন? তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিক আরাম-আয়েশ করতে নিষেধ করেছেন। এরপর ঐ সাহাবী আবার জিজ্ঞাসা করেনঃ আমি আপনার পায়ে জুতা দেখছি না কেন? তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের মাঝে মাঝে খালি পায়ে থাকারও নির্দেশ দিতেন।

## English

Abdullah ibn Buraydah said:
A man from the companions of the Prophet (ﷺ) travelled to Fudalah ibn

Ubayd when he was in Egypt.

He came to him and said: I have not come to you to visit you. But you and I heard a tradition from the Messenger of Allah (ﷺ). I hope you may have some knowledge of it.

He asked: What is it? He replied: So and so. He said: Why do I see you dishevelled when you are the ruler of this land?

He said: The Messenger of Allah (ﷺ) has forbidden us to indulge much in luxury.

He said: Why do I see you unshod? He replied: The Prophet (ﷺ) used to command us to go barefoot at times.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন বুরায়দা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36219

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন